

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪৯.১৭- ১২৭

তারিখঃ ০৫/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ Air Ticket ক্রয়ের উদ্দেশ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি স্বাক্ষর প্রসংগে।

সূত্রঃ ৫৬.১০৯.০০১.০০.০০.০০১.২০১৮-৮০৩; তারিখঃ ০২/০৭/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর প্রয়োগ ও প্রযোজ্যতা বিষয়ে উক্ত আইনের ধারা-৩ এ নিম্নরূপ সংস্থান আছেঃ

"প্রয়োগ ও প্রযোজ্যতা।—(১) সমগ্র বাংলাদেশে এই আইনের প্রয়োগ হইবে।

(২) এই আইন নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথাঃ—

(ক) কোন ক্রয়কারী কর্তৃক সরকারী তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়;

(খ) কোন সরকারী, আধা-সরকারী বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়;

(গ) কোন কোম্পানী, কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত, সরকারী তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়।

(ঘ) কোন উন্নয়ন সহযোগী, বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত সরকারের সম্পাদিত কোন ঋণ, অনুদান বা অন্য কোন চুক্তির অধীন কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ঃ

তবে শর্ত থাকে যে, সম্পাদিত কোন চুক্তির শর্তে ভিন্নতর কিছু থাকিলে উক্ত চুক্তির শর্ত প্রাধান্য পাইবে"।

০২। কাজেই বিষয়োক্ত ক্রয়ের ক্ষেত্রে বিশ্বব্যাপক ও বাংলাদেশ সরকারের মধ্যে সম্পাদিত ঋণচুক্তির আলোকে বিশ্বব্যাপকের প্রকিউরমেন্ট গাইডলাইন অনুসরণপূর্বক ক্রয়কাজ প্রক্রিয়া করা হয়ে থাকলে পিপিএ, ২০০৬ এর ধারা-৩(২)(ঘ) মতে কোন বাধা নেই।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক
LICT
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার (বিসিসি ভবন)
প্লট নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।


(মোসাম মোসুমা হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।